



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭.১২১

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৮

১১ অক্টোবর ২০২১

বিষয়: মাদ্রাসা শিক্ষার দাখিল ও আলিম স্তরের সনদ এস.এস.সি ও এইচএসসি সমমান করার তারিখ অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি মাদ্রাসাসমূহের বিভিন্ন ক্যাটাগরির শিক্ষক-কর্মচারীগণ জন্ম তারিখ, বয়স, নাম, নামের বানান, পদবী, পদোন্নতি, বেতন স্কেল, পদ সংশ্লিষ্ট বিষয়, ইনডেক্স নম্বর ইত্যাদির সংশোধন কিংবা বিভিন্ন প্রতিকার চেয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে আবেদন করেন। আবেদনে অন্যান্য ডকুমেন্টের সাথে দাখিল, আলিম, ফাজিল ও কামিল সনদও দাখিল করেন। উল্লিখিত আবেদনসমূহ নিষ্পত্তির লক্ষ্যে আবেদনকারীর সঠিক দাখিল, আলিম, ফাজিল ও কামিল সনদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

২। সরকার কর্তৃক মাদ্রাসা শিক্ষার দাখিল, আলিম ও ফাজিল পর্যায়ে সনদসমূহ বিভিন্ন সময়ে এসএসসি ও এইচএসসি সমমান প্রদান করেছে। কিন্তু সমমান প্রদানের তারিখ/সাল সুনির্দিষ্টভাবে অবহিত না থাকার কারণে শিক্ষক-কর্মচারীগণের উল্লিখিত আবেদনসমূহ যথাযথভাবে নিষ্পত্তি করা সম্ভবপর হচ্ছেনা। তাই শিক্ষক-কর্মচারীগণের আবেদনসমূহ নিষ্পত্তির নিমিত্ত মাদ্রাসার দাখিল ও আলিম স্তরের সনদ এসএসসি ও এইচএসসি সমমান হওয়ার তারিখ জানা প্রয়োজন। তাছাড়া আলিম সনদে কত তারিখ পর্যন্ত জন্মতারিখ লিপিবদ্ধ করা হতো তাও জানা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, সরকার কর্তৃক মাদ্রাসা শিক্ষার দাখিল সনদ এসএসসি সমমান, আলিম সনদ এসএসসি সমমান ও আলিম সনদ এইচএসসি সমমান কত তারিখে কিংবা কত সালে করা হয়েছে এবং আলিম সনদে কত তারিখ পর্যন্ত জন্মতারিখ লিপিবদ্ধ করা হতো তার প্রমাণকসহ জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

১১-১০-২০২১

মোঃ সাইফুল ইসলাম

উপ-পরিচালক

চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বখশিবাজার,
ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭.১২১/১(৪)

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৮

১১ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) অতিরিক্ত সচিব, প্রশাসন ও উন্নয়ন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) অতিরিক্ত সচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৪) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১১-১০-২০২১

